

## ভর্তির জন্য ৯ম নির্বাচন বিজ্ঞপ্তি এবং ট্রান্সফার ও অপেক্ষমান তালিকা

বিজ্ঞান অনুষদ ও প্রকৌশল অনুষদ-এর ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./ বি.ফার্ম. (সম্মান)/ বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী ৮ম নির্বাচন তালিকা প্রকাশ করা হল। এছাড়াও শূন্য আসন ও পছন্দক্রম অনুসারে বিভাগ পরিবর্তন (ট্রান্সফার) সহ হালনাগাদ অবস্থান (স্ট্যাটাস আপডেট) তালিকা (C1, C2) ওয়েবসাইটে প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ০৩-০১-২০১৮ ও ০৬-০১-২০১৮ সকাল ১১:৩০ থেকে দুপুর ১টার মধ্যে বিজ্ঞান অনুষদে উপস্থিত হয়ে কাগজ পত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং বিজ্ঞান অনুষদ ও প্রকৌশল অনুষদ-এর অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) ইউনিট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১১১৫, ০৭২১-৭১১২১৮, ০১৫৫৮-৩৭০৪৪৫)। অনলাইন ফর্ম পূরণ সংক্রান্ত কারিগরী সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রীয় ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
১০ম নির্বাচন তালিকা	০৬ জানুয়ারী, ২০১৯ অপরাহ্ন	০৭ ও ০৮ জানুয়ারী, ২০১৯
১১শ নির্বাচন তালিকা	০৮ জানুয়ারী, ২০১৯ অপরাহ্ন	০৯ ও ১০ জানুয়ারী, ২০১৯

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

১. অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (০৩-০১-২০১৮ সকাল বা তার পূর্ব থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিতে হবে।
২. সকাল ১১:৩০ থেকে দুপুর ১টার মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদ অফিস (কক্ষ নং - ৪০১, ২য় বিজ্ঞান ভবন)-এ উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট - স্বাক্ষরিত [জমা দিতে হবে]
  - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
৩. কাগজপত্র সন্তোষজনক হলে, স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও ৫০০/- টাকা নগদ ইউনিট অফিসে জমা দিতে হবে।
৪. ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৩,৮৫০.০০ টাকা জমা দিতে হবে। টাকা জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. খলিলুর রহমান খান)

ডীন, বিজ্ঞান অনুষদ

ও চীফ কো-অর্ডিনেটর

২৬ ডিসেম্বর, ২০১৮

১ম বর্ষ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

রাজশাহী বিশ্ববিদ্যালয়